যুগান্তর

তারিখ ...15 MAY 2015...
পৃষ্ঠা ...১৭... কলাম ...৫...

# শ্রীনগরে স্কুলের গাছ বিক্রি করে টাকা ভাগবাটোয়ারা

**শ্রীনগর (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

শ্রীনগরে নিয়মবহির্ভূতভাবে গোপনে বিদ্যালয়ের-১১টি গাছ ৩ লাখ টাকায় বিক্রি করে আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয় পরিচালনা কমিটি ও প্রধান শিক্ষক গাছ বিক্রির টাকা ভাগ-বাটোয়ারা করে নিয়েছেন বলে অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার উপজেলার বাঘড়া স্বরূপ চন্দ্র উচ্চ বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, প্রায় ৫০ বছরের পুরনো বড় আকারের ৪টি রেইনট্রি কেটে-ফেলা হয়েছে। বাকি গাছগুলো কাটার প্রক্রিয়া চলছে। গাছগুলোর ক্রেতা ফিরোজ মাদবর, স্বপন, সুমন জানান, গাছকাটা শুরু করার আগেই সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল হোসেন জানান, বড় আকারের ৪টি রেইনট্রি বিক্রি করা হয়েছে ২ লাখ ৬ হাজার টাকায়, ৩টি গাছ বিক্রি হয়েছে ৭৫ হাজার টাকায় বাকি ৪টি গাছ ৩২ হাজার টাকায় বিক্রি করা হয়েছে। তিনি টাকা ভাগ-বাটোয়ারার বিষয়টি অস্বীকার করে বলেন, বিদ্যালয় পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ীই গাছগুলো বিক্রি করা হয়েছে। তবে টেন্ডারের মাধ্যমে গাছ বিক্রি হয়নি বলে তিনি স্বীকার করেন। এ ব্যাপারে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সাইদুর রহমান পিন্টু বলেন, গাছ বিক্রির সময় তিনি উপস্থিত ছিলেন না। তবে গাছ বিক্রির টাকায় শিক্ষকদের বাসভবন নির্মাণ করা হবে। এলাকাবাসী জানায়, প্রকাশ্যে গাছগুলো বিক্রি হলে দ্বিগুণ মূল্য পাওয়া যেত। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আজিজুল হক বলেন, বিদ্যালয়ের গাছ বিক্রির জন্য উপজেলা কমিটি রয়েছে। প্রকাশ্যে টেন্ডারের মাধ্যমে তা বিক্রির নিয়ম। এক্ষেত্রে উপজেলা কমিটির কাউকে তা জানানো হয়নি। উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহানারা বেগম জানান, গাছ বিক্রির বিষয়ে তিনি অবহিত নন। তবে এ ব্যাপারে খোঁজ নিয়ে ব্যবস্থা নেয়া হবে।